অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/21/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মাসিনা ফ্যাসিলিটির (MASSENA FACILITY) কয়েক শত চাকরি সংরক্ষণের জন্য অ্যালকোয়া (ALCOA) এর সাথে সাত বছরের নতুন চুক্তি ঘোষণা করেন

চুক্তিতে 450 টি চাকরি বজায় রাখা এবং অ্যালকোয়ার মাসিনা স্মেল্টিং প্ল্যান্টের (Massena Smelting Plant) কার্যক্রম 2026 সাল পর্যন্ত অব্যাহত রাখার ব্যাপারে নিশ্চয়তা দেয়া হয়

আরকোনিক (Arconic) এর সাথে হওয়া 2018 সালের চুক্তি মাসিনার একই সাইটে 145 টি চাকরি নিশ্চিত করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে অ্যালকোয়ার সাথে একটি চুক্তি সম্পাদন করা হয়েছে যেটি মাসিনায় অ্যালুমিনিয়াম কোম্পানির স্মেল্টিং প্ল্যান্টে 450 টি চাকরি সংরক্ষণ করবে। এই নতুন সাত বছরের চুক্তিটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির বোর্ড অব ট্রাস্টিজের (New York Power Authority Board of Trustees) অনুমোদনের অপেক্ষাধীন এবং গভর্নর কুওমো 26 মার্চ বোর্ডের মিটিং এ একে এই প্রস্তাবিত চুক্তির পক্ষে রায় দেয়ার সুপারিশ করছেন। অ্যালকোয়া ও নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority, NYPA) মধ্যকার এই নতুন চুক্তিটি এই মাসের শেষে মেয়াদ শেষ হতে যাওয়া পূর্বের চুক্তিকে 2026 সাল পর্যন্ত সম্প্রসারিত করে। এই চুক্তিটি 145 টি চাকরির সুরক্ষা দেয় যা এখন আরকোনিক কর্তৃক সমর্থিত, যেটি 2016 সালে অ্যালকোয়া থেকে পৃথক হয়ে যায় তবে একই সাইটে এর কার্যক্রম ধরে রেখেছে। 2018 গভর্নর ঘোষণা করেন যে আরকোনিক 2028 সাল পর্যন্ত এর কার্যক্রম বজায় রাখবে, যা এর স্মেল্টিং ফ্যাসিলিটিতে প্রায় 600 টি চাকরির প্রতিশ্রুতি নিশ্চিত করবে।

"আজ ঘোষিত এই চুক্তি অ্যালকোয়ার কয়েক শত চাকরির নিশ্চয়তা দেয়, দেশের উত্তরাঞ্চলে এর উন্নয়নের ধারা অব্যাহত রাখে এবং এর উপর নির্ভর করছে নিউ ইয়র্কের সমৃদ্ধ অর্থনীতি", **গভর্নর কুওমো বলেন,** "এই বৈশিষ্ট্যমণ্ডিত চুক্তির মাধ্যমে অ্যালকোয়া আবারও মাসিনায় দীর্ঘকালের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে যেটি এর কর্মী এবং এই অঞ্চলে ও ফ্যাসিলিটিতে আগামী বছরগুলোতে করা স্টেটের বিনিয়োগগুলোকে সুরক্ষা দেবে।"

"অ্যালকোয়ার সাথে এই চুক্তি কয়েক শত চাকরি সংরক্ষণ করবে এবং মাসিনায় কোম্পানির কার্যক্রম সম্প্রসারণ করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্ক স্টেটে অ্যালকোয়ার প্রতিশ্রুতি এই এলাকার কর্মীদেরকে টিকিয়ে রাখবে এবং দেশের সমগ্র উত্তরাঞ্চলের অর্থনীতিকে শক্তিশালী করে যাবে।"

এই নতুন চুক্তি 2026 সাল পর্যন্ত অ্যালকোয়াকে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এর সেন্ট লরেন্স-ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট বিদ্যুৎ প্রকল্পের (St. Lawrence-Franklin D. Roosevelt (FDR) Power Project) 240-মেগাওয়াটের নিম্ন-আয়ের জলবিদ্যুৎ বরাদ্দ দেবে। এই বিদ্যুতের দর অ্যালুমিনিয়ামের মূল্যে সূচকায়িত করা হয় এবং অ্যালুমিনিয়ামের বাজার দরের উপর নির্ভর করে তা বাড়বে বা কমবে।

"NYPA এর সাথে চুক্তিবদ্ধ হতে পেরে অ্যালকোয়া আনন্দিত যেটি মাসিনা স্মেল্টারে আগামী সাত বছরের জন্য তুলনামূলকভাবে কম মূল্যের বিদ্যুৎ সরবরাহ করবে", **অ্যালকোয়া অ্যালুমিনিয়ামের প্রেসিডেন্ট টিম রেয়েস বলেন,** "বিশ্বব্যাপী অ্যালুমিনিয়াম শিল্প অসংখ্য চ্যালেঞ্জের সম্মুখীন হলেও, এই ফ্যাসিলিটির ভবিষ্যতের জন্য প্রতিযোগিতাপূর্ণ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা অপরিহার্য। এই প্রক্রিয়ায় সহায়তার জন্য আমরা গভর্নর অ্যান্ড্রু কুওমোকে এবং ইউএস সেনেটর চাক শুমারকে এবং অব্যাহত কার্যক্রমের জন্য NYPA-কে ধন্যবাদ জানাই।"

গিল সি. কিনিওনেস, NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান কার্যনির্বাহী কর্মকর্তা, বলেন, "নিশ্চিত করছি যে ভবিষ্যত পর্যন্ত সম্প্রসারিত এই ঠিকাদারি চুক্তি গভর্নর কুওমো ও পাওয়ার অথরিটির অগ্রাধিকারগুলোর শীর্ষে আছে। অ্যালকোয়া দেশের উত্তরাঞ্চলের অর্থনীতির সমন্বয়সাধনকারী এবং এই ফ্যাসিলিটিকে কার্যরত রাখতে সাহায্য করা এবং কয়েকশত স্থানীয় কর্মীদের নিয়োগ দেয়া গুরুত্বপূর্ণ।"

সিনেটর জোসেফ গ্রিফো বলেন, "আমরা আনন্দিত যে এই চুক্তি সম্পাদন করা গেছে এবং অনেক কঠোর পরিশ্রমী ও নিবেদিত কর্মীদের প্রতি ও তাদের পরিবারের প্রতি কৃতজ্ঞ যারা কোম্পানিটিকে বর্তমান অবস্থায় এনেছে এবং এই কমিউনিটিকে বসবাসের জন্য বিশেষ উপযোগী করে তুলেছে।"

সিনেটর প্যাটি রিচি বলেন, "এই চুক্তি সম্পাদনে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি ও অ্যালকোয়া একসাথে এগিয়ে আসার জন্য আমি তাদেরকে অভিনন্দন জানাই—স্থানীয় কর্মী ও আঞ্চলিক অর্থনীতির জন্য এটি একটি বিজয়। দেশের উত্তরাঞ্চলে অ্যালকোয়ার একটি চমৎকার ইতিহাস আছে এবং মাসিনায় এর ভবিষ্যতের সুরক্ষা দেয়া এর নিজের জন্য এবং আমাদের সমগ্র অঞ্চলের জন্য লাভজনক।"

Aঅ্যাসেম্বলি মেম্বার মার্ক ওয়ালজিক বলেন, "NYPA, গভর্নর ও অ্যালকোয়া একটি চুক্তি সম্পাদনে যে নেতৃত্ব দেখিয়েছে তাতে আমি অত্যন্ত আনন্দিত যেটি মাসিনার ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ।"

অ্যালকোয়া NYPA এর সাথে এর মূল চুক্তিতে 1955 সালের জুলাইয়ে স্বাক্ষর করেছিল, সেন্ট লরেন্স—FDR প্রকল্প—পাওয়ার অথরিটির প্রথম উৎপাদন প্ল্যান্ট—এর তিন বছরেরও বেশি পূর্বে এটি বিদ্যুৎ উৎপাদন শুরু করেছিল।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন